

০৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: সেমিস্টার ফাইনাল পরীক্ষার এন্ট্রিফরম পূরণ

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের এম.এ. (ইভনিং) প্রোগ্রামের ডিসেম্বর ২০২০ সেমিস্টারের (৩৫তম ব্যাচ ৩য় সেমিস্টার ও ৩৪তম ব্যাচ ৪র্থ সেমিস্টার) শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত তারিখ অনুযায়ী প্রযোজ্য বেতন ও অন্যান্য ফি এম.এ. (ইভনিং) প্রোগ্রাম অফিস থেকে নির্ধারিত ব্যাংক রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক লিঃ, ঢা.বি. ক্যাম্পাস শাখায় জমা দিতে হবে। সেমিস্টার ফি পরিশোধের রশিদ, ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজ ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের (৩৪তম ব্যাচের রেজিস্ট্রেশন কার্ড বাধ্যতামূলক) ফটোকপিসহ এন্ট্রিফরম সংগ্রহ ও পূরণ করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, ক্লাসে প্রয়োজনীয় সংখ্যক উপস্থিতি এন্ট্রিফরম পূরণের পূর্বশর্ত।


তারিখ	সেমিস্টার ও ব্যাচ	সেমিস্টার ফি
০৬-০৩-২০২২ (রবিবার)	৩য় সেমিস্টার, ৩৫তম ব্যাচ	২০,০০০/-
০৭-০৩-২০২২ (সোমবার)	৪র্থ সেমিস্টার, ৩৪তম ব্যাচ	২০,০০০/-

নির্ধারিত তারিখের মধ্যে এন্ট্রিফরম পূরণ করতে ব্যর্থ শিক্ষার্থীরা সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৩য় সেমিস্টার ফাইনাল পরীক্ষায় যেসব শিক্ষার্থী ৪৫%-এর কম নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা পরবর্তী ব্যাচের সাথে ফলোন্সয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ফলোন্সয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি কোর্সের ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিয়ে পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্রের ফটোকপিসহ ফলোন্সয়ন পরীক্ষার ফরম পূরণ করতে হবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সের ফলোন্সয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

উল্লেখ্য, করোনাকালীন স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে নির্ধারিত তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাচের এন্ট্রিফরম পূরণসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

সেমিস্টার ফাইনাল পরীক্ষার বিস্তারিত সময়সূচী এম.এ. (ইভনিং) নোটিশ বোর্ড ও বিভাগীয় ওয়েবসাইটে পাওয়া যাবে।



(অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান)

কো-অর্ডিনেটর

কো-অর্ডিনেটর

এম.এ. (ইভনিং) প্রোগ্রাম

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়